অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/31/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো একগুচ্ছ উল্লেখযোগ্য শীতকালীন আবহাওয়া সিস্টেমের ব্যাপারে স্টেটের প্রতিক্রিয়ার ব্যাপারে নিউ ইয়র্কবাসীকে সর্বশেষ তথ্য জানালেন

ইরি, জেনেসি এবং হারকিমার কাউন্টিতে জরুরি অবস্থা জারি করা হয়েছে

আপস্টেটের অনেকগুলি হাইওয়েতে ট্রাক্টর ট্রেলার ও বাস চলাচল এখনো নিষিদ্ধ - লঙ্ঘনকারীদের জরিমানা, লাইসেন্সে দুই পয়েন্ট এবং সম্ভাব্য অপরাধ অভিযোগ দ্বারা শাস্তি প্রদান করা হবে

শুক্রবার সকালের মধ্যে লেক ইফেক্ট অঞ্চলগুলিতে অতিরিক্ত 2-3 ইঞ্চি তুষারপাত হতে পারে

শূন্যের 35 ডিগ্রি কম পর্যন্ত তাপমাত্রার ঠাণ্ডা বাতাসের ফলে জীবন-ঝুঁকিতে ফেলা ঠাণ্ডার পরিস্থিতি হবে

তুষার ওড়ার জন্য এবং হিমশীতল তাপমাত্রার জন্য যাতায়াত পরিস্থিতি বিপজ্জনকই থাকবে বলে আশঙ্কা করা হচ্ছে

স্টেটের জরুরি অপারেশন কেন্দ্র (Emergency Operations Center, EOC) তৃতীয় পর্যায়ে সক্রিয় থাকবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে নিউ ইয়র্কবাসীকে এক গুচ্ছ শীতকালীন প্রভাবশালী আবহাওয়া যা স্টেটের অধিকাংশে প্রভাব ফেলছে সেই সম্পর্কে এবং এর প্রতিক্রিয়ায় স্টেট কী করছে উভয় ব্যাপারে সর্বশেষ তথ্য জানালেন। মঙ্গলবার ও বুধবারের তুষার ঘটনা আপস্টেট নিউ ইয়র্কের বেশির ভাগ অঞ্চলে 12 থেকে 24 ইঞ্চি পর্যন্ত তুষার রেখে গেছে, সেই সাথে পশ্চিম নিউ ইয়র্ক এবং উত্তর দেশের পকেটসমূহ 2 ফুট পর্যন্ত তুষার দেখেছে। বৃহস্পতিবার সন্ধ্যার মধ্যে এইসব এলাকায়, যা প্রায়ই অটল লেক ইফেক্ট স্নো ব্যান্ড দ্বারা আক্রান্ত হয়, অতিরিক্ত 2 থেকে 3 ফিট তুষারের আশঙ্কা করা যাচ্ছে। পাশাপাশি, বুধবার সকালে উত্তর দিক থেকে নিউ ইয়র্কে প্রবেশ করা পোলার ভর্টেক্স স্টেটের অধিকাংশ এলাকাকে জমে যাওয়ার মতো ঠাণ্ডা বাতাসে ঘিরে রেখেছে। প্রবল দমকা বাতাস এবং হিমশীতল তাপমাত্রার ফলে বিপজ্জনক ঠাণ্ডা বাতাসের সৃষ্টি হবে, এবং বৃহস্পতিবার অনেক রাত পর্যন্ত ফ্রস্টবাইট ও হাইপোথার্মিয়ার মতো স্বাস্থ্য ঝুঁকির সৃষ্টি হবে। বুধবার রাতে, গভর্নর ইরি কাউন্টির অপরিহার্য-নয় স্টেটের এমন কর্মীদের নির্দেশ দেন যে তাদের বৃহস্পতিবার সকালে কাজে যেতে হবে না। এছাড়াও গভর্নর ঘোষণা করেন যে ইরি, জেনিসি ও হারকিমার কাউন্টিতে জরুরি অবস্থা জারি থাকবে।

স্টেটের বিভিন্ন স্থানে যাতায়াত কঠিন থেকে প্রায়-অসম্ভব হয়ে আছে যেহেতু প্রতিকূল আবহাওয়া উড়তে থাকা তুষার ও জমে যাওয়ার মতো তাপমাত্রা দিয়ে রাস্তাঘাটকে প্রভাবিত করছে। স্টেটের একাধিক রুট ও ইন্টারস্টেটে ঝড়ের পুরো সময় জুড়ে ট্রাক্টর ট্রেলার ও বাণিজ্যিক বাস চলাচল নিষিদ্ধ আছে। এই নিষেধাজ্ঞা লঙ্ঘনকারীদের জরিমানা, লাইসেন্সে দুই পয়েন্ট এবং সম্ভাব্য অপরাধ অভিযোগ দ্বারা শাস্তি প্রদান করা হবে। পাশাপাশি, বহু স্থানীয় মিউনিসিপ্যালিটি প্রতিকূল যাতায়াত পরিস্থিতির জন্য ভ্রমণ উপদেশ ও গতিসীমা প্রণয়ন করেছে।

গভর্নর কুওমো ঝড়ের আগেই স্টেটের সম্পদগুলি প্রাক-নিয়োজিত করেছেন এবং সেইসব সম্পদ স্থানীয় সরকারগুলিকে সাহায্য করতে সম্পূর্ণভাবে নিয়োজিত আছে। সম্ভাব্য যেকোনো জরুরি প্রতিক্রিয়া কার্যক্রমে সাহায্য করার জন্য স্টেটের জরুরি অপারেশন কেন্দ্র তৃতীয় পর্যায়ে সক্রিয় থাকবে।

"ভারী লেক ইফেক্ট তুষার এবং বিপজ্জনক ঠাণ্ডা বাতাস শুক্রবার সকাল পর্যন্ত আপস্টেটের অধিকাংশকে আক্রান্ত করতে থাকবে বলে আশঙ্কা করা যাচ্ছে, এবং আমি সকল নিউ ইয়র্কবাসীকে তাগিদ দিচ্ছি সতর্ক থাকতে এবং একান্ত প্রয়োজন না হলে রাস্তাঘাট থেকে দূরে থাকতে", **গভর্নর কুওমো বলেছেন।** "সন্দেহাতীতভাবে, এই ঝড়গুলি প্রতিকূল যাতায়াত পরিস্থিতি সৃষ্টি করেছে এবং যদিও আপস্টেটের নিউ ইয়র্কবাসীর জন্য তুষার কোনো নতুন জিনিস না, বাসিন্দাদের বের হওয়ার পূর্বে প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করা উচিত। বহু আপস্টেট হাইওয়েতে ট্রাক্টর ট্রেলার ও বাস চলাচল নিষেধাজ্ঞা বজায় থাকবে, এবং নিষেধাজ্ঞা লঙ্ঘনকারী ও তারা যে কোম্পানির জন্য কাজ করে তাদেরকে যথাযথ শাস্তি প্রদান করা হবে।"

স্থানীয় জরুরি অবস্থা

নিচের স্থানীয়রা জরুরি অবস্থা ঘোষণা করেছেঃ

- ইরি কাউন্টি
- জেনিসি কাউন্টি
- হারকিমার কাউন্টি
- বাফেলো শহর
- অরচার্ড পার্কের টাউন ও গ্রাম
- ল্যাকাওয়ানা টাউন
- চিকটোওয়াগা টাউন
- হ্যামবার্গের টাউন ও গ্রাম
- ল্যাঙ্কাস্টারের টাউন ও গ্রাম
- নিউস্টিড টাউন
- ব্ল্যাজডেল গ্রাম
- ইলিয়ন গ্রাম

নিউ ইয়র্কবাসীদের সর্বশেষ তথ্য পেয়ে আপডেট থাকতে তাদের স্থানীয় আবহাওয়া রিপোর্টগুলোতে গভীর মনোযোগ দেয়া উচিত। জাতীয় আবহাওয়া সেবা (National Weather Service) স্টেটের অনেক অংশে ঠাণ্ডা বাতাসের সতর্কতা জারি করেছে, এবং স্টেটের বিভিন্ন অঞ্চলে আরো বিভিন্ন ধরনের আবহাওয়া সতর্কতা

জারি করেছে যেমন প্রবল তুষারঝড় সতর্কতা এবং বরফ জমে বন্যা সতর্কতা। আবহাওয়া সতর্কতা ও পূর্বাভাসের সম্পূর্ণ তালিকা দেখার জন্য আপনার স্থানীয় আবহাওয়া সেবার ওয়েবসাইট দেখুন।

ট্রাক্টর ট্রেলার/বাস নিষিদ্ধ

নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়েতে এক্সিট 46 (রোচেস্টার I-390) থেকে পেনিসিলভ্যানিয়া সীমান্ত অবধি এবং ইন্টারস্টেট 190, ইন্টারস্টেট 290, স্টেট রুট 400, পিটার্স রোড থেকে ইন্টারস্টেট 90 পর্যন্ত মার্কিন রুট 219; স্টেট রুট 179 থেকে I-190 পর্যন্ত স্টেট রুট 5, এবং কানাডা সীমান্ত থেকে রুট স্টেট রুট 104 পর্যন্ত ইন্টারস্টেট 81 এ ট্র্যাক্টর ট্রেলার এবং বাণিজ্যিক বাস নিষিদ্ধ করা হয়েছে| ঝড়ের পুরো সময় এই নিষেধাজ্ঞা কার্যকর থাকবে।

স্টেট পুলিশ এইসব রাস্তা ও হাইওয়েতে এই ট্রাক্টর ট্রেলার ও বাস চলাচল নিষেধাজ্ঞা কঠোরভাবে প্রয়োগ করা অব্যাহত রাখবে। এই নিষেধাজ্ঞা লঙ্ঘন করলে ট্রাক্টর ট্রেলার ও বাসের চালক এবং তাদের কোম্পানিদের জবাবদিহি করতে হবে। লঙ্ঘনকারীদের 450 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা, লাইসেন্সে দুই পয়েন্ট ও সম্ভাব্য অপরাধ অভিযোগ দ্বারা শাস্তি প্রদান করা হবে।

এজেন্সির প্রস্তুতি

হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)
হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ স্টেট এজেন্সি ও স্থানীয় সরকারের সাথে সমন্বয় অব্যাহত রেখেছে এটি নিশ্চিত করার জন্য যাতে স্টেটের দশটি রিজিওনাল স্টকপাইলের সংস্থান ঝড়ের পুরো সময় জুড়ে সহজলভ্য থাকে। স্টেট EOC-এর কর্মীরা এবং রিজিওনাল কর্মীরা প্রয়োজনমত যেকোন সমস্যার সমাধান করতে প্রস্তুত আছে।

ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation, DOT)
স্টেটের পরিবহন অধিদপ্তর পুরো স্টেটে প্রতিক্রিয়া জানাচ্ছে 1,500টি প্লাও ট্রাক, 184টি মাঝারি প্লাও, 51টি টো প্লাও, 326টি বড় লোডার এবং 39টি স্নো ব্লোয়ার দিয়ে। পাশাপাশি, পুরো স্টেটে প্রায় 3,900জন সুপারভাইজার ও অপারেটর তৈরি আছে।

এছাড়াও অধিদপ্তরটি পশ্চিম নিউ ইয়র্ক অঞ্চলে বাসিন্দাদের তুষার সরাতে সাহায্য করতে উল্লেখযোগ্য পরিমাণ সম্পদ নিযুক্ত করে রেখেছে। পশ্চিম নিউ ইয়র্কের হাতে থাকা সম্পদের মধ্যে রয়েছে 485 জন সুপারভাইজার ও অপারেটর এবং 37 জন অপারেটর, সুপারভাইজার ও মেকানিক, 183টি বড় প্লাও ট্রাক, 15টি মাঝারি প্লাও, পাঁচটি টো প্লাও, 37টি বড় লোডার, ছয়টি স্নো ব্লোয়ার এবং 34,733 টন লবণ। সোমবার অধিদপ্তর সাউদার্ন টিয়ার ও ফিঙ্গার লেকস থেকে 15টি বড় প্লাও ট্রাক, 30জন অপারেটর এবং দুইজন সুপারভাইজার, হাডসন ভ্যালি থেকে একটি স্নো ব্লোয়ার, ফিঙ্গার লেকস ও সাউদার্ন টিয়ার থেকে দুইজন সরঞ্জাম অপারেশন নির্দেশক, সাউদার্ন টিয়ার থেকে দুইজন মেকানিক এবং রাজধানী অঞ্চল থেকে একজন ঘটনা কমান্ড সিস্টেম (Incident Command System, ICS) সমর্থন কর্মী।

গতকাল ঝড়ে আক্রান্ত মিনিসিপ্যালিটিগুলিকে সাহায্য করার জন্য রাজধানী অঞ্চল, মোহক ভ্যালি এবং সাউদার্ন টিয়ার থেকে অতিরিক্ত 15টি প্লাও ট্রাক, 30 জন অপারেটর, ছয়জন সুপারভাইজার, এবং দুইজন মেকানিক

বাফেলো শহর ও পশ্চিম নিউ ইয়র্কের অন্যান্য এলাকায় পাঠানো হয়। মেয়র বায়রন ব্রাউনের অনুরোধে, DOT শহরের মিনিসিপ্যাল রাস্তাগুলি সচল রাখতে সাহায্য করতে 12টি প্লাও ট্রাক দেওয়ার অঙ্গীকার করেছে, এবং প্রয়োজন হলে আরো প্লাও ট্রাক দেওয়া হবে।

উত্তর দেশে বিশেষ করে টাগ হিল এলাকায় সমন্বিত প্রচেষ্টা অব্যাহত আছে। অঞ্চলটি লং আইল্যান্ড, রাজধানী অঞ্চল এবং সাউদার্ন টিয়ার থেকে এই সপ্তাহের শুরুর দিকের ঝড়ের প্রভাব মোকাবেলা করার জন্য পেয়েছে 18টি বড় প্লাও ট্রাক, 20জন অপারেটর, একটি স্নো ব্লোয়ার এবং দুইজন সুপারভাইজার।

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)
থ্রুওয়ে অথোরিটি র 669 জন সুপারভাইজার ও অপারেটর, আছে যারা সমগ্র স্টেট জুড়ে 244 টি বড় স্নো প্লাও, 126 টি মাঝারি স্নো প্লাও, 11 টি টো প্লাও এবং 58 টি লোডার কাজে নিয়োজিত করতে এবং 107,000 টনেরও বেশি রাস্তার লবণ প্রয়োগ করতে প্রস্তুত। বাফালো ডিভিশন অতিরিক্ত ছটি বড় স্নো প্লাউ, একটি টো প্লাউ, একটি স্নো ব্লোওয়ার এবং একটি বড় লোডার পেয়েছে বরফ নিয়ন্ত্রণের কাজ করার জন্য| থ্রুওয়েতে শীতের আবহাওয়া অবস্থার ব্যাপারে মোটরচালকদের সতর্ক করতে বৈচিত্র্যময় বার্তা চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

থ্রুওয়ে অথোরিটি মোটরচালকদের তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে উৎসাহিত করে যা আইফোন এবং অ্যান্ড্রয়েড ডিভাইসে ডাউনলোড করার জন্য বিনামূল্যে উপলভ্য। অ্যাপটি মোটরচালকদের বাস্তব-সময়ে ট্রাফিক এবং দিক নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটরচালকরা TRANSalert ইমেইলের জন্য সাইন আপ করতে পারে যা সমগ্র থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতি প্রদান করে। রিয়েল-টাইম আপডেটের জন্য, মোটরচালকরা থ্রুওয়ে ও নিউ ইয়র্কের অন্যান্য রাস্তার ট্রাফিক পরিস্থিতি প্রদর্শনকারী ইন্টারেক্টিভ ম্যাপ দেখতে টুইটারে @ThruwayTraffic অনুসরণ করতে পারেন অথবা www.thruway.ny.gov ভিজিট করতে পারেন।

জনসেবা অধিদপ্তর (Department of Public Service)
জনসেবা অধিদপ্তর ইউটিলিটির সিনিয়র নির্বাহীদের সাথে যোগাযোগ রাখছে নিশ্চিত করার জন্য যে ঝড়ো আবহাওয়া মোকাবেলায় তারা প্রস্তুত, এবং তারা ইউটিলিটির ঝড়-প্রস্তুতি প্রচেষ্টা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবে এটি নিশ্চিত করার জন্য যে বিভ্রাট সর্বনিম্ন করার জন্য এবং পুনঃস্থাপন দ্রুততার সাথে করার জন্য ইউটিলিটিগুলি প্রস্তুত আছে। বিদ্যুৎ ও গ্যাস ইউটিলিটি ও ভেরিজোনের (Verizon) মতো টেলিযোগাযোগ সেবা প্রদানকারীরা ঝড় পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে এবং সেবার ব্যাঘাত ঘটলে তা সর্বনিম্ন রাখার জন্য অতিরিক্ত কর্মী নিয়ে প্রস্তুত আছে।

ইউটিলিটি সেবার ব্যাঘাত ঘটলে তার সমাধানে ইউটিলিটিগুলি দিনে 24 ঘন্টা কাজ আছে এবং প্রয়োজন হলে আবশ্যিকভাবে তাদের জরুরি প্রতিক্রিয়া পরিকল্পনা বাস্তবায়ন করবে, যার মধ্যে রয়েছে কাস্টোমারদের হিমশীতল তাপমাত্রার আশঙ্কার ব্যাপারে যথার্থ বার্তা পাঠানো এবং জীবন-রক্ষা সরঞ্জামের সাথে যুক্ত বা অন্যান্য জরুরি কাস্টোমারদের সাথে যোগাযোগ করা। অধিদপ্তরের কর্মীরা ঝড়ের সময় ইউটিলিটিগুলির প্রচেষ্টা পর্যবেক্ষণ করতে থাকবে।

ইউটিলিটিগুলি কাস্টোমারদের ঝড় এবং নিরাপত্তা তথ্য প্রদান করতে পারবে অথবা কাস্টোমাররা তথ্যের জন্য অধিদপ্তরের কল সেন্টারে ফোন করতে পারে। 1-800-342-3377 নম্বরে ফোন করে PSC হেল্পলাইনের সাথে যোগাযোগ করা যাবে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)
নিউ ইয়র্ক স্টেটের পুলিশ (New York State Police) আক্রান্ত এলাকায় টহল বৃদ্ধি করেছে এবং প্রয়োজন হলে অতিরিক্ত কর্মী নিয়োগের জন্য প্রস্তুত আছে। সকল ফোর-হুইল ড্রাইভ গাড়ি নিয়োগ করা হবে এবং স্নোমোবাইল ও ইউটিলিটি টাস্ক যানের (Utility Task Vehicles) মত বিশেষ গাড়ি কাজে নিয়োজিত হওয়ার জন্য তৈরি আছে। এই ঝড়ের শুরু থেকে, ট্রুপাররা 720টির বেশি সংঘর্ষের প্রতিক্রিয়া জানিয়েছে, এবং 760টির বেশি অচল যানবাহনের ব্যবস্থা করেছে।

অস্থায়ী এবং অক্ষমতা সহায়তার অফিস (Office of Temporary and Disability Assistance)
আসন্ন ঝড় ও আগামী কিছু দিনের তীব্র ঠাণ্ডা তাপমাত্রার কারণে, স্টেটের অধিকাংশে একটি কোড ব্লু জারি করা হবে বলে মনে হচ্ছে। স্টেটের কোড ব্লু এর অধীনে, যখন বাতাসের তাপমাত্রা 32 ডিগ্রি ফারেনহাইট বা তার নিচে নেমে যায়, সাথে তীব্র ঠাণ্ডা বাতাস থাকে, স্থানীয় সামাজিক সেবা জেলাগুলিকে নিশ্চিত করতে হবে যে গৃহ আশ্রয় পায় এবং সেই আশ্রয়কালীন সময় যাতে সম্প্রসারিত করা হয়।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC)
DEC পুলিশ কর্মকর্তা, ফরেস্ট রেঞ্জার্স (Forest Rangers), জরুরি ব্যবস্থাপনা (Emergency Management) কর্মী এবং রিজিওনাল কর্মীরা সতর্ক আছেন এবং পরিস্থিতির উন্নতি পর্যবেক্ষণ করছেন এবং ঝড়ে আক্রান্ত হতে পারে এমন এলাকাগুলি সক্রিয়ভাবে টহল দিচ্ছেন। স্নোমোবাইল ও ইউটিলিটি যানসহ বিদ্যমান সকল সংস্থান যেকোনো জরুরি পরিস্থিতিতে সহায়তার জন্য প্রস্তুত আছে।

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority, NYPA) | ক্যানাল কর্পোরেশন (Canal Corporation)
নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি পরিস্থিতি পর্যবেক্ষণ করে যাচ্ছে এবং জরুরি ব্যবস্থাপনা কর্মকর্তাদের সাথে নিয়মিত যোগাযোগ রাখছে। NYPA বিদ্যুৎ চাহিদা মেটাতে এবং সম্ভাব্য বরফ জমা হ্রাস করতে নিয়াগ্রা নদী নিয়ন্ত্রণ ও অন্টারিও পাওয়ার জেনারেশনের সাথে কাজ করছে। নিউইয়র্কের বৃহত্তম বিদ্যুৎকেন্দ্রে জল প্রবেশ প্রতিরোধ করতে NYPA-র নায়াগ্রা পাওয়ার প্রজেক্টের জন্য জলের প্রবেশপথের কাছে আইসক্র্যাকারগুলি অষ্টপ্রহর কাজ করছে।

রিলিজ ও পরিস্থিতির পরিবর্তন ও ক্রমবর্ধমান বিপদের ব্যাপারে নিউ ইয়র্ক স্টেটের ক্যানাল কর্পোরেশন যা NYPA এর একটি সাবসিডিয়ারি, স্টেটের ক্যানাল সিস্টেমের তীরবর্তী পানিবিদ্যুৎ এনটিটিগুলির সাথে নিয়মিত যোগাযোগ রাখছে। ক্যানাল কর্পোরেশন পুরো স্টেটের ক্যানাল সিস্টেমে সম্ভাব্য বন্যা প্রভাব প্রশমিত করার জন্য স্বপ্রনোদিত পদক্ষেপ নিয়েছে এবং মোহক নদীর তীরবর্তী অবস্থানসহ জানা বরফ জমাট অবস্থানগুলিকে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে।

স্কেনেক্টেডি ও মন্টগোমারি কাউন্টির ইরি ক্যানাল লক 8-10 এ লকের আশেপাশে বরফ জমাট বেঁধে গেলে তা অপসারণ করাতে পাঠানোর জন্য ক্যানাল কর্পোরেশন একটি ঠিকাদার স্ট্যান্ডবাই রেখেছে।

নিরাপদ যাত্রা

নিরাপদ ড্রাইভিং এর কিছু সবচেয়ে গুরুত্বপূর্ণ পরামর্শগুলির অন্তর্ভুক্ত হল:

- যখন শীতকালীন ঝড় আঘাত হানে, তখন প্রয়োজন না হলে ড্রাইভ করবেন না।
- সেতুগুলোয় সাবধানতা অবলম্বন করুন যেহেতু বরফ সেখানে রাস্তার চেয়ে দ্রুত জমাট বাঁধে।
- ভেজা পাতা রাস্তাকে পিচ্ছিল করতে পারে, তাই যখনই সামনে তাদের একটা স্তূপ আসবে, তখন আরো ধীর গতিতে গাড়ি চালানো গুরুত্বপূর্ণ।
- আপনাকে আবশ্যিকভাবে ভ্রমণ করতে হলে, এটা নিশ্চিত করুন যে আপনার গাড়িতে কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও অতিরিক্ত ব্যাটারি, অতিরিক্ত গরম কাপড়, এক জোড়া টায়ার চেন, ব্যাটারি বুস্টার তার, সহজে শক্তি প্রদানকারী খাবার এবং ডিসট্রেস ফ্ল্যাগ হিসেবে ব্যবহার করতে উজ্জ্বল রঙের কাপড়ের মতো টিকে থাকার সরঞ্জামাদি থাকে।
- আপনার যদি একটি ব্যবহার উপযোগী সেল ফোন বা অন্যান্য যোগাযোগ যন্ত্র যেমন টু-ওয়ে রেডিও থাকে, তাহলে ব্যাটারি চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণ করার সময় এটি আপনার সাথেই রাখুন। আপনি যদি কোথাও আটকা পড়েন, আপনি সাহায্যের জন্য ফোন করতে পারবেন, উদ্ধারকারীকে আপনার অবস্থান সম্পর্কে জানাতে পারবেন।

শীতকালীন ঝড়ের সময়ে সবচেয়ে বেশি মৃত্যু ও আঘাতের কারণ হল পরিবহন দুর্ঘটনা। গাড়ি চালানো শুরু করার আগে, আপনার গাড়ি যাতে বরফ ও তুষারমুক্ত থাকে তা নিশ্চিত করুন; ভালো দৃষ্টিশক্তি ভালো গাড়ি চালানোর চাবিকাঠি। কোথায় কোথায় থামবেন তার পরিকল্পনা করে নিন এবং দুই গাড়ির মধ্যে দূরত্ব বজায় রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে বাতাসে থাকা তুষারের কারণে ছোট শিশুদের দেখা নাও যেতে পারে। সবসময় রাস্তা ও আবহাওয়ার পরিস্থিতির সাথে মিলিয়ে আপনার গতি ঠিক করুন।

সব রাস্তার মোটরচালকদের জন্য এটা জানা গুরুত্বপূর্ণ যে স্নোপ্লাও ঘণ্টায় 35 মাইল পর্যন্ত গতিবেগে চলে যা অনেক ক্ষেত্রেই লিখিত গতি সীমার থেকে কম, এটি নিশ্চিত করতে যে ছড়ানো লবণ ড্রাইভিং লেনে থাকে ও রাস্তায় ছড়িয়ে না পড়ে। বারংবার ইন্টারস্টেট হাইওয়েতে, স্নোপ্লাও পাশাপাশি কাজ করে, যেহেতু অনেকগুলো লেন একসাথে পরিচ্ছন্ন করার এটা সবচেয়ে কর্মক্ষম ও নিরাপদ উপায়।

এছাড়াও মোটরচালক ও পথচারীদের এটা মাথায় রাখা উচিৎ যে স্নোপ্লাও ড্রাইভারদের দৃষ্টিসীমা সীমিত থাকে, এবং স্নোপ্লাও এর আকার ও ওজন কৌশলে ও দ্রুত থামানো কষ্টকর করে তোলে। স্নোপ্লাও এর পেছন থেকে বরফ ওড়ানো অত্যধিক ভাবে দৃষ্টিশক্তি হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। মোটরচালকদের স্নোপ্লাও কে পার করে যাওয়ার চেষ্টা বা পেছনে খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। মোটরচালকদের জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হল স্নোপ্লাও এর বেশ পেছনে যেখানে রাস্তা পরিষ্কার ও লবণাক্ত।

তীব্র ঠাণ্ডায় নিরাপত্তা

<u>ঠাণ্ডা আবহাওয়ার উপযোগী পোশাক পড়ুন</u>

- ঢোলা, হালকা, একাধিক আস্তরণ-বিশিষ্ট গরম কাপড় পরিধান করুন। আস্তরণের মধ্যে আটকে পড়া বাতাস ইনস্যুলেটরের কাজ করে। ঘাম হওয়া এড়াতে, যেটা থেকে ঠাণ্ডা লেগে যেতে পারে, কাপড়ের

আস্তরণ খুলে ফেলা যেতে পারে। বাইরের পোশাক দৃঢ়ভাবে বোনা, পানি রোধক এবং মাথার টুপি-যুক্ত হতে হবে।

- মাথায় সবসময় একটি হ্যাট বা টুপি পরিধান করুন কারণ আপনার শরীরের প্রায় অর্ধেক তাপমাত্রা মাথার খোলা তালু দিয়ে বেরিয়ে যেতে পারে।
- আপনার ফুসফুসকে তীব্র শীত থেকে সুরক্ষা দিতে স্কার্ফ দিয়ে মুখমণ্ডল ঢেকে রাখুন।
- কব্জি ঢাকতে হাতমোজার চেয়ে দস্তানা অধিক কার্যকর কারণ আঙুলগুলো পরস্পরের সংস্পর্শে অধিক উষ্ণ থাকে।

<u>ফ্রস্টবাইট</u>

শীতের দিনে যারা বাইরে কাজ করে বা খেলাধুলা করে তাদের অজ্ঞাতেও ফ্রস্টবাইট হতে পারে। ফ্রস্টবাইট রোগের শুরুর দিকে কোনো ব্যথা করবে না, সুতরাং নিম্নের বিপদ সংকেতগুলোর প্রতি লক্ষ্য রাখবেন:

- প্রথমত, ত্বকে অসাড়তা বোধ হতে পারে এবং রঙিন হয়ে যেতে পারে। তারপর এটি সাদা বা ধূসর-হলদে রূপ নিতে পারে। ফ্রস্টবাইটে আক্রান্ত ত্বক স্পর্শেই শিরশিরে অনুভূতি হতে পারে।
- ফ্রস্টবাইট হতে পারে সন্দেহ হলে, রোগীকে একটি উষ্ণ স্থানে সরিয়ে নিন। আক্রান্ত স্থানটি গরম ও শুকনো কিছু দিয়ে ঢেকে দিন। কখনো ঘষাঘষি করবেন না।
- তারপর অতিসত্বর কোনো ডাক্তারের কাছে অথবা হাসপাতালে নিয়ে যান।

<u>হাইপোথারমিয়া</u>

দীর্ঘ সময় ঠাণ্ডা তাপমাত্রায় থাকলে হাইপোথারমিয়া হতে পারে, বিশেষ করে শিশু ও বৃদ্ধদের। নিম্নোক্ত উপসর্গগুলোর দিকে খেয়াল রাখুন:

- মনোযোগ দিতে না পারা
- দুর্বল সমন্বয়
- কথায় অস্পষ্টতা
- ঘুমঘুম ভাব
- অবসাদ
- তীব্র কাঁপুনির পর হঠাৎ করে কাঁপুনি থেমে যাওয়া

কোনো ব্যক্তির শরীরের তাপমাত্রা যদি 95 ডিগ্রি ফারেনহাইটের নিচে নেমে যায়, তাহলে তৎক্ষণাৎ জরুরি চিকিৎসা সহায়তা নিন। ভেজা কাপড় খুলে ফেলুন, রোগীকে গরম কম্বল দিয়ে মুড়ে ফেলুন, এবং বাইরের সাহায্য আসার আগ পর্যন্ত রোগীকে গরম, অ্যালকোহল ও ক্যাফেইন বিহীন তরল পান করতে দিন।

###